শাবনূরের প্রশ্ন: “আমার এখানে এসে ভণ্ডামি করছেন কেন?”

written by Chandradip News24 | January 16, 2025

নব্বইয়ের দশকের জনপ্রিয় চিত্রনায়িকা শাবনূর অভিনয় জগতে একসময় তরুণদের হৃদয়ে রাজত্ব করেছেন। দীর্ঘদিন অভিনয় থেকে দূরে থাকলেও তিনি এখনও ভক্তদের কাছে অত্যন্ত প্রিয়। বর্তমানে তিনি অস্ট্রেলিয়াতে বসবাস করছেন এবং সেখান থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয় রয়েছেন।

সম্প্রতি শাবনূর নিজের ফেসবুক পেজে বেশ কিছু স্থিরচিত্র পোস্ট করলে, তার ভক্তরা নানা প্রতিক্রিয়া জানান। কেউ তার সৌন্দর্যের প্রশংসা করেন, আবার কেউ কেউ তার পোশাক নিয়ে সমালোচনা করেন। এসব মন্তব্য নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন শাবনূর।

এক দীর্ঘ স্ট্যাটাসে শাবনূর উল্লেখ করেন, তার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট তিনি নিজেই পরিচালনা করেন। পোস্ট করা ছবি ও ভিডিও নিয়ে কিছু মানুষ বাজে মন্তব্য করেন, যা তাকে কষ্ট দেয়। তিনি বলেন, “আমি ক্যাজুয়াল পোশাকে স্বাচ্ছন্দ্যবোধ করি। কে কী পরবে, সেটা তার ব্যক্তিগত পছন্দের বিষয়।”

তিনি অনুরোধ করেন, “যদি আমার শেয়ার করা কিছু ভালো না লাগে, তবে শালীনতার সঙ্গে সমালোচনা করুন। বারবার বাজে মন্তব্য করবেন না। আর আমার পোস্ট পছন্দ না হলে আমাকে ফলো না করলেই পারেন।”

শাবনূর জানান, কিছু মানুষ তার নাম ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় পেজ চালিয়ে ব্যবসা করছেন। এ নিয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি প্রশ্ন তোলেন, “আমার পোস্ট করা ছবি-ভিডিও নিয়ে যারা ব্যবসা করছেন, তারা আমার ওয়ালে এসে ভণ্ডামি করছেন কেন?”

অনেকেই শাবনূরকে আড়ালে যাওয়ার পরামর্শ দিয়েছেন, কিন্তু তিনি স্পষ্ট করে জানিয়ে দেন, “আমি আড়ালে যাব না, প্রকাশ্যে থাকব—তা একান্তই আমার ব্যক্তিগত সিদ্ধান্ত।”

শাবনূর মন্তব্য করার সময় একে অপরের প্রতি শ্রদ্ধা বজায় রাখার আহ্বান জানিয়ে বলেন, “আমাদের দৃষ্টিভঙ্গি এবং আচরণ আমাদের পারিবারিক শিক্ষার প্রতিফলন। সবাই ভালো থাকবেন।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম